তারিখ ৩০/৮/২০০১
পৃষ্ঠা ১০ কলাম ৬

# নীলফামারীর ৩৬৪টি বেসরকারী স্কুলের শিক্ষক-কর্মচারীরা সম্পূর্ণ বেতন ছাড়াই চাকুরী করিতে বাধ্য হইতেছে

সৈয়দপুর (নীলফামারী) হইতে সংবাদদাতা ।। সৈয়দপুরসহ জেলার ছয়টি উপজেলার ৩৬৪টি, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা প্রতিষ্ঠানের বেতনভাতা ছাড়া কেবল সরকারী অংশের অর্থেই বৎসরের পর বৎসর চাকুরী করিতে বাধ্য হইতেছেন। জেলা শিক্ষা দফতর জানায়, নিম্নমাধ্যমিক স্কুল মাদ্রাসা ও কলেজের শিক্ষক-কর্মচারীদের বেতনের ৮০ ভাগ সরকার কর্তৃক এবং ২০ ভাগ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের প্রদান করার নিয়ম রহিয়াছে। নিয়ম অনুযায়ী প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কোন কারণে ২০ ভাগ অর্থ প্রদানে ব্যর্থ হইলে সরকারী অংশের ৮০ ভাগ অর্থ সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী উত্তোলন করিতে পারেন না। কিন্তু এ সকল শিক্ষা প্রতিষ্ঠানে এই নিয়মের কোন তোয়াক্কা করা হইতেছে না।